# আজ রাতে বিএনপির স্থায়ী কমিটির জরুরি বৈঠক ডাকলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দলের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম স্থায়ী কমিটির একটি জরুরি বৈঠক আহ্বান করেছেন। আজ শুক্রবার রাতে গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। সময় নির্ধারিত হয়েছে রাত সাড়ে ৯টা।

দলীয় সূত্র জানায়, বৈঠকে সভাপতিত্ব করবেন তারেক রহমান নিজেই। এটি নিয়মিত সূচির কোনো বৈঠক নয় এবং আনুষ্ঠানিকভাবে কোনো এজেন্ডাও ঘোষণা করা হয়নি। তবে রাজনৈতিক অঙ্গনে বৈঠকটি বিশেষ তাৎপর্য বহন করছে।

কারণ, এই বৈঠকেই তারেক রহমানকে বিএনপির পূর্ণাঙ্গ চেয়ারম্যান হিসেবে নির্বাচনের বিষয়টি চূড়ান্ত হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

এর আগে ৪ জানুয়ারি সিলেটে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানিয়েছিলেন, খুব শিগগিরই তারেক রহমানকে বিএনপির চেয়ারম্যান করা হবে।

উল্লেখ্য, সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ২০১৮ সালে কারাবন্দী হওয়ার পর দলীয় সিদ্ধান্ত অনুযায়ী তারেক রহমানকে ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হয়।

LENS ASIA